বিষয় কোড | ১ | ৪ | ৬ |

# এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন
## বিষয় : হিসাববিজ্ঞান (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ ক অংশের ২টি এবং খ অংশ থেকে যে কোন ৪টিসহ মোট ৬টি প্রশ্নের উত্তর দাও ]**

**হিসাববিজ্ঞান : সৃজনশীল** বিষয় কোড : | ১ | ৪ | ৬ |

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যেকোনো চারটিসহ সর্বমোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

**প্রশ্ন-১.** জনি ফেব্রিক্স ২০১২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে ব্যবসায় থেকে মোট ৫৭,০০০ টাকা মুনাফা অর্জন করে। ব্যবসায়ের অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ —

**রেওয়ামিল**
৩১ শে ডিসেম্বর, ২০১২

| ক্রমিক নং | হিসাবের নাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | উত্তোলন ও মূলধন | | ৩৫,০০০ | ১,০০,০০০ |
| ২. | দেনাদার ও পাওনাদার | | ৪৬,০০০ | ৩২,০০০ |
| ৩. | ক্রয় ও বিক্রয় | | ৫৩,০০০ | ৮৭,০০০ |
| ৪. | মজুদ পণ্য (১-১-২০১২) | | ১৮,০০০ | |
| ৫. | ডাক ও তার | | ৪,০০০ | |
| ৬. | শিক্ষানবিশ সেলামি | | | ৫,০০০ |
| ৭. | অফিস খরচ | | ৮,০০০ | |
| ৮. | ট্রেডমার্ক ও প্রাপ্ত ভাড়া (১১ মাস) | | ৩৩,০০০ | ২২,০০০ |
| ৯. | ডক চার্জ | | ৬,০০০ | |
| ১০. | অফিস সরঞ্জাম | | ২০,০০০ | |
| ১১. | নগদ তহবিল | | ১৫,০০০ | |
| ১২. | অগ্রিম বেতন | | ৫,০০০ | |
| ১৩. | আয়কর প্রদান | | ৩,০০০ | |
| | | | ২,৪৬,০০০ | ২,৪৬,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৪৫,০০০ টাকা। ২. ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় থেকে পণ্য উত্তোলন ২,০০০ টাকা। ৩. অনাদায়ী পাওনা ১,০০০ টাকা অবলোপন করতে হবে। ৪. অফিস সরঞ্জামের ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. ব্যবসায়ের পরিচালন মুনাফা ৪৩,০০০ টাকা হলে নিট মুনাফার পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে জনি ফেব্রিক্স এর মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

গ. বছর শেষে জনি ফেব্রিক্স এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**প্রশ্ন-২.** নাহার ট্রেডার্স ২০১২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে নিম্নলিখিত তথ্য সরবরাহ করে —

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| নগদ | ৮০,০০০ | বিক্রয় | ৩,০০,০০০ |
| অগ্রিম বীমা সেলামি | ২,০০০ | ব্যবসায়িক বাট্টা | ৩,০০০ |
| দেনাদার | ১,০২,০০০ | ১১% ঋণ | ১,২০,০০০ |
| মজুদ পণ্য (প্রারম্ভিক) | ৪০,০০০ | মূলধন | ১,৪০,০০০ |
| ক্রয় | ২,০০,০০০ | ঋণপত্র | ১,৬০,০০০ |
| ব্যবসায়িক বাট্টা | ৪,০০০ | | |
| যন্ত্রপাতি | ১,৫০,০০০ | | |
| কুলির মজুরি | ১০,০০০ | | |
| বেতন | ৬০,০০০ | | |
| নিরীক্ষা ফি | ৫,০০০ | | |
| আন্ত: পরিবহন | ১২,০০০ | | |
| ১০% লগ্নি (১-৭-১২) | ৫৮,০০০ | | |
| | ৭,২৩,০০০ | | ৭,২৩,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৭০,০০০ টাকা এবং বাজার মূল্য আরও ১০% বেশি। ২. অগ্রিম বীমা সেলামির ১,০০০ টাকার মেয়াদ শেষ হয়েছে। ৩. মালিক কর্তৃক ক্রয়মূল্যে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা। ৪. যন্ত্রপাতি মূল্যায়ন করা হয়েছে ১,৪০,০০০ টাকা।

ক. নাহার ট্রেডার্সের দীর্ঘমেয়াদী দায়ের পরিমাণ দেখাও। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রতিষ্ঠানের মোট লাভ বা ক্ষতির পরিমাণ নিরূপণ করো। ৪

গ. উক্ত প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণীর মাধ্যমে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

### খ বিভাগ

**প্রশ্ন-৩.** খিলক্ষেতের 'খান টেইলার্স' এর ২০১৩ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নে প্রদান করা হলো —

২০১৩ইং

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ ১,০০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। |
| " | ৫ | ৫টি সিঙ্গার সেলাই মেশিন ক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৭ | এমব্রয়ডারি মেশিন ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১০ | শার্ট তৈরি করে মজুরি পাওয়া গেল ১০,০০০ টাকা। |
| " | ১৫ | প্রচার কার্যে ব্যয় ৫,০০০ টাকা। |
| " | ২০ | আপ্যায়ন বাবদ ব্যয় ১,০০০ টাকা। |
| " | ২৫ | ব্যাংক সুদ চার্জ করল ৫০০ টাকা। |
| " | ২৭ | টেবিল ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ২৮ | যন্ত্রপাতির অবচয় ১,০০০ টাকা। |
| " | ৩১ | কর্মচারীদের বেতন প্রদান ৭,০০০ টাকা। |

ক. খান টেইলার্সের মালিকানা স্বত্ব বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ২

খ. সম্পদ বা A হ্রাসের পরিমাণ কত? ৪

গ. মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পার্থক্যের পরিমাণ নির্ণয় করো। ৪

**প্রশ্ন-৪.** রফিক টিম্বার্স একটি আসবাবপত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান তার ৩১শে ডিসেম্বর ২০১১ তারিখের খতিয়ান জেরসমূহ নিম্নরূপ —

স্থায়ী সম্পত্তি ১,০০,০০০ টাকা; দেনা ১০,০০০ টাকা; উত্তোলন ৩০,০০০ টাকা; কাঠ ক্রয় ৫,০০০ টাকা; ফেবিকল আঠা ক্রয় ৪,০০০ টাকা; কাঠ মিস্ত্রির মজুরি ১৪,০০০ টাকা; সংযোগকারীর মজুরি ৩৬,০০০ টাকা; মিশ্রণ খরচ ২,০০০ টাকা; শ্রমিক কল্যাণ তহবিল ৪,০০০ টাকা; ফোরম্যান এর মজুরি ৫,০০০ টাকা; বিদ্যুৎ মিস্ত্রির মজুরি ৩০০ টাকা; ডিজাইনারের খরচ ৫০০ টাকা; লভ্যাংশ প্রাপ্তি ৫,০০০ টাকা; সম্পত্তি বিক্রয় ১,৫০০ টাকা; ডেলিভারি ভ্যানের অবচয় ৫০০ টাকা।

ক. মি. রফিক এর প্রত্যক্ষ মজুরি পরিমাণ ও পরোক্ষ মজুরির পরিমাণ নির্ণয় করো। ২

খ. মি. রফিক এর মোট প্রত্যক্ষ খরচ ও মোট পরোক্ষ খরচের পার্থক্য নির্ণয় করো। ৪

গ. মি. রফিক এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

**প্রশ্ন-৫.** পদ্মা লি.-এর ২০১১ সালের জুন ৩০ তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ১০,৫০০ টাকা, কিন্তু উক্ত উদ্বৃত্তের সাথে পাশ বই মোতাবেক ব্যাংক জমার নিম্নলিখিত গরমিল পরিলক্ষিত হয় —

১. ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায় যা নগদান বইতে লিখা হয়নি ২,০০০ টাকা।
২. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা যা নগদান বইতে লিখা হয়নি ৫,০০০ টাকা।
৩. ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদ যা নগদান বইতে লিখা হয়নি ১,০০০ টাকা।
৪. চেক ইস্যু করা হয়েছে কিন্তু পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়নি ৮,০০০ টাকা।
৫. ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় হয়েছে যা নগদান বইতে লিখা হয়নি ৬,০০০ টাকা।
৬. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক, যা ব্যাংক কর্তৃক আদায় হয়নি ১০,০০০ টাকা।

Teachingbd.com

ক. উদ্দীপকের ১ ও ৩ নং দফার জাবেদা দাখিলা দাও। ২

খ. নগদান বই অনুযায়ী ডেবিট গরমিলের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

**প্রশ্ন-৬.** জনাব রতন একজন খুচরা ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৩ সালের জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল —

জুলাই ১ ব্যবসায়ে মূলধন আনয়ন ১,০০,০০০ টাকা।
" ৫ সাব্বিরের কাছ থেকে ২০,০০০ টাকার মাল ক্রয় করে ৬০% চেকে পরিশোধ করা হলো।
" ১০ মনিহারি দ্রব্য ক্রয় করা হল ১,০০০ টাকা।
" ১৩ বাট্টা মঞ্জুর করা হল ১,৫০০ টাকা।
" ১৫ কর্মচারীদের চেকে বেতন প্রদান করা হল ৮,০০০ টাকা।
" ২৪ করিমের নিকট থেকে মাল ক্রয় ৬,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যাংক লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১০ থেকে ২৪ তারিখের লেনদেনগুলো ব্যাখ্যাসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

গ. ৫ এবং ১৩ তারিখ ব্যতীত বাকি লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

**প্রশ্ন-৭.** জনাব সিদ্দিক হোসেন 'বিবিধ জেনারেল স্টোরস' নামে একটি খুচরা ব্যবসায় পরিচালনা করেন। ২০১২ সালের মার্চ মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়েছে —

২০১২ইং
মার্চ ৫ নিম্নমানের কারণে হাজী ট্রেডার্স থেকে প্রতি কেজি ৩৫ টাকা দরে ৫০ কেজি মিনিকেট চাল ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ২%। ক্রেডিট নোট নং-৩০৫।
" ১০ রহমান এন্ড সন্স-এর নিকট প্রতি কেজি ৮০ টাকা দরে ৪০ কেজি মশুর ডাল ফরমায়েশ অপেক্ষা বেশি হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট-১৯০।
" ২০ সালমা স্টোরসকে প্রতি প্যাকেট ২৮০ টাকা দরে ২৫ প্যাকেট গুড়ো দুধ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং-১৯৫।
" ৩০ মুহাইমিন এন্ড সন্স-এর নিকট হতে প্রতি আউন্স ২০০ টাকা দরে ৩০ আউন্স চা পাতা নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৩%। ক্রেডিট নোট নং-৩১৮।

ক. ৫ই মার্চ তারিখের লেনদেনটি দ্বারা একটি ক্রেডিট নোট প্রস্তুত করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

**প্রশ্ন-৮.** মি. এম হাসান ২০০ খানা ফ্যান উৎপাদন করে বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করেন। এ জন্য তার নিম্নলিখিত খরচগুলো হয় —

| | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ২,০০,০০০ |
| পরিবহন ব্যয় | ২০,০০০ |
| শ্রমিকের মজুরি | ১,০০,০০০ |
| অন্যান্য প্রত্যক্ষ খরচ | ৩০,০০০ |

কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ কাঁচামালের ১০% প্রশাসনিক উপরিব্যয় মজুরির ২০% এবং বিক্রয় উপরি ব্যয় মুখ্য ব্যয়ের ৫%।

ক. ফ্যানের মুখ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. মুনাফা মোট ব্যয়ের ১০% হলে ফ্যানের মোট বিক্রয়মূল্য কত হবে? ৪

গ. প্রত্যক্ষ খরচ ১০% বেশি হলে এবং মুনাফা মুখ্য ব্যয়ের ২০% হলে প্রতিটি ফ্যানের বিক্রয়মূল্য কত হবে? ৪

**প্রশ্ন-৯.** মি. রফিক তার নিজস্ব জমিতে একটি দুগ্ধ খামার গড়ে তুলেছেন। ২০১২ সালের ১ জানুয়ারি তারিখে উক্ত খামারের জন্যে কর্মসংস্থান ব্যাংক হতে ৩,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। উক্ত ঋণের ওপর তাকে ১০% হারে সুদ দিতে হবে। ঋণের টাকা হতে ১,০০,০০০ টাকা ব্যয়ে গরু রাখার একটি শেড তৈরি করেন। নিজস্ব অর্থ দিয়ে বাছুরসহ ৬টি গরু ক্রয় করেন। যার ক্রয়মূল্য ৩,০০,০০০ টাকা। উক্ত খামারে সারা বছর নিম্নোক্ত খরচ হয় —

গাভীর মাসিক খাবার খরচ ৪,৫০০ টাকা
বাছুরের মাসিক খাবার খরচ ১,৫০০ টাকা
মাসিক ঔষধ ও আনুষঙ্গিক খরচ ১,০০০ টাকা
দুইজন রাখালকে মাসিক ৬,০০০ টাকা বেতন দিতে হয়।

প্রতিটি গাভী গড়ে প্রতিদিন ৮ লিটার করে ছয় মাস ধরে দুধ দেয়। প্রতি লিটার দুধের বিক্রয়মূল্য ৪০ টাকা। প্রতি মাসে গোবর বিক্রি হয় ৩,০০০ টাকা। রফিক সাহেব বছর শেষে প্রতিটি গাভী বাছুরসহ ৭৫,০০০ টাকা দরে বিক্রি করেন।

ক. মি. রফিকের দুগ্ধ খামারে মূলধনী বিনিয়োগের পরিমাণ কত টাকা? ২

খ. মি. রফিক সাহেবের খামারে বার্ষিক মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. বছর শেষে উক্ত দুগ্ধ খামারের নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

## উত্তরমালা

১. ক. ৭২,০০০ টাকা। খ. ১,৩২,০০০ টাকা। গ. ১,৬৪,০০০ টাকা।
২. ক. ২,৮০,০০০ টাকা। খ. ১,১২,০০০ টাকা। গ. ২৫,৭০০ টাকা।
৩. ক. ১,১০,০০০ টাকা। খ. ১৪,৫০০ টাকা। গ. ৫৫,৫০০ টাকা।
৪. ক. ৫০,০০০ টাকা এবং ৫,৩০০ টাকা। খ. ৫৫,৭০০ টাকা। গ. ১,৯৭,০০০ টাকা।
৫. ক. ৩,০০০ টাকা। খ. ২১,০০০ টাকা। গ. ২০,৫০০ টাকা।
৬. ক. ২০,০০০ টাকা।
৭. খ. ১০,২০০ টাকা। গ. ৭,৫৩৫ টাকা।
৮. ক. ৩,৫০,০০০ টাকা। খ. ৪,৪৮,২৫০ টাকা। গ. ২৪৬৫.৫০ টাকা।
৯. ক. ৪,০০,০০০ টাকা। খ. ১,৫৬,০০০ টাকা। গ. ২,৪৫,৬০০ টাকা।

Teachingbd.com

http://teachingbd.com

বিষয় কোড | ১ | ৪ | ৬ |

এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. ধারে পণ্য বিক্রয় হিসাব সমীকরণের কোন উপাদানের পরিবর্তন আসবে?**
(ক) L ও E (খ) E
(গ) A ও L (ঘ) A ও E

**২. ক্রয় ফেরতের অপর নাম কী?**
(ক) আন্তঃফেরত (খ) বহিঃফেরত
(গ) অন্তর্মুখী ফেরত (ঘ) পণ্য ফেরত

**৩. জনাব ইমরান ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন এ লেনদেনে A = L+E সমীকরণের কীরূপ পরিবর্তন হবে?**
(ক) কেবল E উপাদানের পরিবর্তন ঘটে
(খ) কেবল A উপাদানের পরিবর্তন ঘটে
(গ) A ও E উপাদানের পরিবর্তন ঘটে
(ঘ) A ও L উপাদানের পরিবর্তন ঘটে

**৪. হিসাববিজ্ঞানের মুখ্য বিষয় হচ্ছে —**
i. সংঘটিত লেনদেনসমূহ লিপিবদ্ধকরণ
ii. লেনদেনের ফলাফল নির্ণয়
iii. আর্থিক অবস্থা নিরূপণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫. শুল্ক, ভ্যাট, কর এবং আয়কর কার নিকট পরিশোধ করতে হয়?**
(ক) ব্যাংকের নিকট (খ) সরকারের নিকট
(গ) দেনাদারের নিকট (ঘ) পরিচালকের নিকট

**৬. হিসাব সচেতনতা মানুষকে কী হিসেবে গড়ে তুলতে সাহায্য করে?**
(ক) আত্মবিশ্বাসী
(খ) ঋণ খেলাপী
(গ) তথ্য পরিবেশনকারী
(ঘ) অপচয়কারী

**উদ্দীপকটি পড়ো এবং ৭-৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রহিম একজন চাল ব্যবসায়ী। তিনি বরিশাল হতে প্রতি কুইন্টাল ১০০ টাকা দরে ২,৫০০ কুইন্টাল চাল ক্রয় করেন। চাল আনতে তার পরিবহন বাবদ ২০,০০০ টাকা ও কুলি বাবদ ৫,০০০ টাকা খরচ হয়। চাল ক্রয় বাবদ তিনি ১০% ছাড় পেলেন।

**৭. জনাব রহিমের প্রতি কুইন্টাল চালের প্রকৃত ক্রয়মূল্য কত?**
(ক) ১০০ টাকা (খ) ৯৯ টাকা
(গ) ৯৫ টাকা (ঘ) ৯০ টাকা

**৮. তিনি মোট ১০,০০০ টাকা লাভ করতে চাইলে প্রতি কুইন্টাল চাল কত টাকায় বিক্রি করতে হবে?**
(ক) ১০০ টাকা (খ) ১০২ টাকা
(গ) ১০৩ টাকা (ঘ) ১০৪ টাকা

**৯. বিক্রয়মূল্য নির্ধারণে প্রয়োজন হয় —**
i. মোট ব্যয় ও মুনাফা
ii. প্রত্যক্ষ খরচ ও পরোক্ষ খরচ
iii. মুখ্য ব্যয় ও উৎপাদন ব্যয়
**নিচের কোনটি সঠিক ?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১০. কার্যপ্রণালী শুরু করার আগে কোম্পানি প্রতিটি খরচের জন্য কী করে?**
(ক) কাঁচামাল ক্রয় (খ) ব্যয় নিয়ন্ত্রণ
(গ) বাজেট প্রণয়ন (ঘ) কৌশল বাস্তবায়ন

**১১. মূলধন জাতীয় প্রাপ্তি —**
i ব্যাংক থেকে গৃহীত ঋণ ১,৫০,০০০ টাকা
ii পুরাতন যন্ত্রপাতি বিক্রয়লব্ধ অর্থ ৮০,০০০ টাকা
iii বিক্রয়ের উদ্দেশ্যে একটি গাড়ী ক্রয় ২,০০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১২. শিক্ষানবীশ সেলামী ৫ বছরের জন্য পাওয়া গেল ২৫০০ টাকা। এক্ষেত্রে কোনটি প্রযোজ্য?**
(ক) মূলধন জাতীয় প্রাপ্তি ২৫০০ টাকা
(খ) বিলম্বিত মুনাফা জাতীয় আয় ২৫০০ টাকা
(গ) মুনাফা জাতীয় আয় ৫০০ টাকা
(ঘ) মুনাফা জাতীয় প্রাপ্তি ৫০০ টাকা

**১৩. নিয়মিত আয় বলতে কোনটি বুঝায়?**
(ক) মুনাফা জাতীয় প্রাপ্তি (খ) মুনাফা জাতীয় আয়
(গ) মূলধন জাতীয় প্রাপ্তি (ঘ) মূলধন জাতীয় আয়

**১৪. 'ক' প্রতিষ্ঠানের নিকট হতে 'গ' প্রতিষ্ঠান নগদে কম্পিউটার সংগ্রহ করে এবং এই লেনদেনের প্রেক্ষিতে 'ক' প্রতিষ্ঠান 'গ' প্রতিষ্ঠানকে কোনটি সরবরাহ করবে?**
(ক) ডেবিট ভাউচার (খ) ক্যাশমেমো
(গ) ক্রেডিট ভাউচার (ঘ) ডেবিট নোট

**১৫. প্রতিটি লেনদেনের ফলে কী সৃষ্টি হয়?**
(ক) দুটি একমুখী ফলাফল
(খ) দুটি বিপরীত মুখী ও সমান ফলাফল
(গ) দুটি বিপরীত মুখী ফলাফল
(ঘ) দুটি সমান ফলাফল

**১৬. হিসাব বিজ্ঞানের মূল ভিত্তি কী?**
(ক) লেনদেন (খ) জাবেদা
(গ) চালান (ঘ) ক্রয় বহি

**১৭. শিক্ষানবিশ সেলামি লিপিবদ্ধের জন্যে ব্যবহৃত হয় কোনটি?**
(ক) ডেবিট ভাউচার (খ) ক্রেডিট ভাউচার
(গ) ডেবিট নোট (ঘ) ক্রেডিট নোট

**উদ্দীপকটি পড়ো এবং ১৮-১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
১লা জানুয়ারি ২০১২ ইং মিসেস ফারিহার পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ :
দালানকোঠা ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ৮০,০০০ টাকা, গহনা ৫০,০০০ টাকা, হাতে নগদ ২০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা এবং পাওনাদার ২০,০০০ টাকা।

**১৮. ১ লা জানুয়ারী ২০১২ ইং মিসেস ফারিহার পারিবারিক তহবিল কত ছিল?**
(ক) ৩,৫০,০০০ টাকা (খ) ৩,৩০,০০০ টাকা
(গ) ৩,০০,০০০ টাকা (ঘ) ২,৮০,০০০ টাকা

**১৯. মিসেস ফারিহার দেনার পরিমাণ কত ছিল?**
(ক) ২০,০০০ টাকা (খ) ৪০,০০০ টাকা
(গ) ৫০,০০০ টাকা (ঘ) ৭০,০০০ টাকা

**২০. প্রাপ্তি ও প্রদান হিসাবের মাধ্যমে কোনটি প্রদর্শিত হয়?**
(ক) সম্পত্তি ও দায়ের অবস্থা
(খ) মুনাফা জাতীয় আয়-ব্যয়ের পরিমাণ
(গ) পরিবারের আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি
(ঘ) সমাপনী নগদ উদ্বৃত্ত

**২১. নগদ বাট্টার উদ্ভব হয় কখন?**
(ক) নগদে প্রাপ্তি ঘটলে
(খ) নগদে দেনা-পাওনা পরিশোধ করলে
(গ) ধারে পণ্য ক্রয়-বিক্রয় করলে
(ঘ) নগদে পণ্য ক্রয়-বিক্রয় করলে

Teachingbd.com

২২. নগদ প্রাপ্তি জাবেদায় দেনাদার থেকে পাওনা আদায় হলে কী লিখা হবে?
ক নগদান  খ দেনাদারের নাম
গ পাওনাদারের নাম  ঘ বিক্রয়

২৩. ঋণের সুদ প্রদান ৮০০ টাকা। নগদ প্রদান জাবেদায় কোন কলামে লিপিবদ্ধ হবে?
ক ক্রয়  খ পাওনাদার
গ অন্যান্য হিসাব  ঘ বাট্টা

২৪. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয় কখন?
ক নগদান বইয়ের ব্যাংক ব্যালেন্স ক্রেডিট হলে
খ নগদান বইয়ের ব্যাংক কলামের উদ্বৃত্ত, ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সমান না হলে
গ ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত ক্রেডিট হলে
ঘ এটি একটি নিয়মিত প্রক্রিয়া

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
শিফাত এন্টাপ্রাইজ থেকে রহমান ১০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন। এ প্রেক্ষিতে রহমান শিফাত এন্টারপ্রাইজকে ১০,০০০ টাকা নগদ প্রদান করেন।

২৫. দু'তরফা দাখিলা পদ্ধতিতে শিফাত এন্টারপ্রাইজ এ লেনদেনটি কোথায় লিপিবদ্ধ করবে?
ক নগদ প্রাপ্তি জাবেদায়
খ নগদ প্রদান জাবেদায়
গ ক্রয় জাবেদায়
ঘ প্রকৃত জাবেদায়

২৬. ব্যয়ের বিপরীত কোনটি?
ক দায়  খ আয়
গ সম্পদ  ঘ খরচ

২৭. 'চেকের মাধ্যমে বিজ্ঞাপন খরচ প্রদান' এই লেনদেনটির ফলে কোনটির পরিবর্তন আসবে?
ক ব্যয় ও আয়ের
খ মালিকানাস্বত্ব ও ব্যয়ের
গ মালিকানাস্বত্ব ও সম্পত্তির
ঘ মালিকানাস্বত্ব ও দায়ের

২৮. সমন্বিত ক্রয় রেওয়ামিলে অর্ন্তভুক্ত হলে রেওয়ামিলে কী থাকতে হবে?
ক প্রারম্ভিক ক্যাশ  খ প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
গ সমাপনী মজুদ পণ্য  ঘ প্রারম্ভিক মজুদ পণ্য

২৯. লেনদেনের দু'টি পক্ষের মধ্যে শুধুমাত্র একটি পক্ষের খতিয়ান হিসাব করলে কোনটি ঘটে?
ক বাদ পড়ার ভুল  খ লেখার ভুল
গ করণিক ভুল  ঘ টাকার অঙ্কে ভুল

৩০. ২০০০ টাকার একটি লেনদেন লিপিবদ্ধ করার সময় ২০০ টাকা লেখা হল। তা কোন ধরণের ভুল?
ক পরিপূরক ভুল  খ নীতিগত ভুল
গ বাদ পড়ার ভুল  ঘ করণিক ভুল

**উদ্দীপকটি পড়ো এবং ৩১-৩২ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আল-আমীনের ব্যবসায় নগদ ক্রয় ১৫,০০০ টাকা। বাকিতে ক্রয় ৭০,০০০ টাকা, পাওনাদারকে প্রদান ২০,০০০ টাকা। ক্রয় বা ফেরত ভিত্তিতে ক্রয় ৪৫,০০০ টাকা। পাওনাদারকে মাল ফেরত ৮,০০০ টাকা।

৩১. মি. আল আমীন ক্রয় জাবেদায় কত টাকা লিপিবদ্ধ করবেন?
ক ৫০,০০০ টাকা  খ ১,২২,০০০ টাকা
গ ৮৫,০০০ টাকা  ঘ ১,১৫,০০০ টাকা

৩২. মি. আল আমীনের ক্রয় জাবেদার আওতাভুক্ত নয় কত টাকা?
ক ৩৭,০০০ টাকা  খ ৪৫,০০০ টাকা
গ ৮৮,০০০ টাকা  ঘ ৯০,০০০ টাকা

৩৩. ভাউচারে স্বাক্ষর করেন —
i মালিক  ii ব্যবস্থাপক
iii হিসাবরক্ষক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৪. জাবেদার উপর ভিত্তি করে কোনটি প্রস্তুত করা হয়?
ক রেওয়ামিল  খ খতিয়ান
গ আর্থিক বিবরণী  ঘ নগদান হিসাব

৩৫. কোনটি মূখ্য ব্যয়ের অন্তর্ভুক্ত?
ক ভাড়া  খ প্রত্যক্ষ মুজরি
গ বেতন  ঘ বিজ্ঞাপন

৩৬. স্বল্পকালিন স্থায়ী এবং দ্রুত নগদ অর্থ রুপান্তরযোগ্য সম্পত্তিকে কী বলা হয়?
ক স্থায়ী সম্পত্তি  খ চলতি সম্পত্তি
গ ক্ষণস্থায়ী সম্পত্তি  ঘ অদৃশ্য সম্পত্তি

৩৭. প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা প্রকাশের স্বীকৃতি মাধ্যম কী?
ক আয়-ব্যয় হিসাব  খ ক্রয়বিক্রয় হিসাব
গ লাভ ক্ষতি হিসাব
ঘ আর্থিক অবস্থার বিবরণী

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮-৩৯ নং প্রশ্নের উত্তর দাও।**
সোহেল এন্ড কোং এর ক্রয় খতিয়ানের জের ১০,০০০ টাকা, বিক্রয় খতিয়ানের জের ১৬,০০০ টাকা। তিনি উক্ত বছরে বাকিতে ৪,০০০ টাকা ও ৪,৫০০ টাকার পণ্য যথাক্রমে ক্রয় ও বিক্রয় করেন।

৩৮. সোহেল এন্ড কোং-এর বছর শেষে প্রাপ্য হিসাবের পরিমাণ কত হবে?
ক ১০,০০০ টাকা  খ ১৪,০০০ টাকা
গ ২০,৫০০ টাকা  ঘ ২৬,০০০ টাকা

৩৯. শুরুতে সোহেল এন্ড কোং-এর পাওনার পরিমাণ কত ছিল?
ক ৬,০০০ টাকা  খ ১০,০০০ টাকা
গ ১৬,০০০ টাকা  ঘ ২৬,০০০ টাকা

৪০. ক্রয় বই ও ক্রয় হিসাবের মধ্যে পার্থক্য হলো —
i প্রথমটি খতিয়ান পরেরটি জাবেদা
ii প্রথমটি জাবেদা পরেরটি খতিয়ান
iii প্রথমটি প্রাথমিক বই পরেরটি পাকা বই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ঘ |
| ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | খ |
| ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | গ | | | | | | | | | | | | | | | | | | | | | | |

Teachingbd.com
http://teachingbd.com